



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর, সাতক্ষীরা।

সামগ্রিক কার্যক্রম

- বিভিন্ন ধরনের আয়বর্ধক বৃত্তিমূলক ও ব্যবহারিক প্রশিক্ষণের মাধ্যমে মহিলাদের আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করা। জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচীর সময়োপযোগী ৫টি ট্রেড যথা- ১) সো-পিস এন্ড হ্যান্ডিক্রাফট মেকিং ২) মোবাইল ফোন সার্ভিসিং ৩) কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন ৪) ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং ৫) সার্টিফিকেট- ইন-বিউটিফিকেশন প্রশিক্ষণ দেওয়া হয়। দৈনিক বরাদ্দ সাপেক্ষে হাজিরার ভিত্তিতে ভাতা প্রদান করা হয় এবং দুগ্ধ, মেধাবী, শিক্ষিত ও স্বল্পশিক্ষিত মহিলাদের প্রশিক্ষণ সম্পূর্ণ ত্রিফিতে প্রদান করা হয়। আসন সংখ্যা ১০০ (একশত)টি কোর্সের মেয়াদ ৩ মাস।
- **vwb** কর্মসূচীর আওতায় দরিদ্র সীমার নীচে ইউনিয়ন পর্যায়ে বসবাসকারী মহিলাদের খাদ্য নিরাপত্তাসহ প্রশিক্ষণ প্রদান ও আয়বর্ধক কর্মসূচীতে তাদের জড়িতকরণ। এই কার্যক্রমের অধীনে ২০৯১১ জন **vwb** কার্ডধারী মহিলাদেরকে ২ বছর মেয়াদে ৩০ কেজি প্যাকেটজাত বস্তায় খাদ্য ও আর্থিক সুবিধা প্রদান করা হয়। আয়বর্ধক সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ দেয়া হয় ও **vwb** চক্র শেষে প্রশিক্ষণ প্রাপ্ত মহিলাদের ঋণ সুবিধা প্রদান করা হয়।
- মা ও শিশু সহায়তা কর্মসূচীর অধীনে পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে গ্রামের দরিদ্র গর্ভবতী মায়েদের মাসিক ৮০০/- টাকা হারে ০৩ বছরে মেয়াদে ১২৯৭৮+১৭০০= ১৪৬৭৮ জনকে মা ও শিশু সহায়তা ভাতা প্রদান করা হয়েছে। প্রতি মাসে ৫০৮ জনকে ভাতা প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া মা ও শিশুর স্বাস্থ্য সুরক্ষায় প্রশিক্ষণ প্রদান করা হয়।
- ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় দুগ্ধ, অসহায় ও প্রশিক্ষিত নারীদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ক্ষুদ্র ঋণ প্রদান করা। এ কার্যক্রমের মাধ্যমে বিভিন্ন কর্মসূচীর আওতায় ২৫০০০ হতে ৭৫০০০/- টাকা পর্যন্ত সহজ শর্তে ঋণ প্রদান করা হয়। ঋণ গ্রহীতার মূল টাকার সংগে শুধু মাত্র ৫% হারে সার্ভিস চার্জ গ্রহণ করা হয়।
- মহিলা ও শিশুদের আইনগত সহায়তা প্রদানের লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত নারী নির্যাতন প্রতিরোধ কমিটি স্থানীয় ভাবে নারী ও শিশু নির্যাতনমূলক অভিযোগের প্রেক্ষিতে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ গ্রহণের ব্যবস্থা করে থাকে।
- উন্নয়ন কর্মসূচীতে আরো ব্যাপৃত এবং মহিলা জনগোষ্ঠীর মধ্যে সম্প্রসারণ করার লক্ষ্যে স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন সমূহের নিবন্ধন প্রদান করা।
- মহিলাদের আত্মকর্মসংস্থান ও উন্নয়নের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরে নিবন্ধিত সক্রিয় মহিলা সংগঠন সমূহকে আবেদনের ভিত্তিতে বছরে একবার ১০০০০/- টাকা থেকে ৩৫০০০/- টাকা পর্যন্ত আর্থিক অনুদান দেয়া হয়। এ সকল সমিতির আয়বর্ধক কার্যক্রমের ধরন ও যোগ্যতা অনুসারে অনুদানের পরিমাণ নির্ধারিত সমিতিতে ৪০০০০/- টাকা বিশেষ অনুদান প্রদান করা হয়।
- নারী উন্নয়ন ও জেন্ডার সমতা আয়নে বিভিন্ন জন সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ যেমন জাগরনী পদযাত্রা, যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধ, জন্ম নিবন্ধন ও বিবাহ নিবন্ধনে উদ্বুদ্ধকরণ, এইচ আই ভি এইডস প্রতিরোধে সচেতনতা বৃদ্ধিসহ নারী অধিকার রক্ষায় CEDAW সনদ বাস্তবায়ন সহ বিভিন্ন দিবস পালন করা হয়। এছাড়া মহিলা উন্নয়ন সমন্বয় সভা সংক্রান্ত সার্বিক কার্যক্রম পরিচালনা, নিয়মিত প্রতিবেদন প্রস্তুত ও বিতরণ করা। আন্তর্জাতিক বিভিন্ন সভার জন্য চাহিত তথ্যাদি প্রস্তুত ও বিতরণ।
- কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প এর আওতায় সাতক্ষীরা জেলার ২টি পৌরসভা সহ ৮০টি ইউনিয়নে ক্লাব স্থাপন করা হয়েছে। প্রতিটি ক্লাবে একজন সংগীত শিক্ষক, একজন আবৃত্তি শিক্ষক এবং ৩০ জন করে ছাত্র-ছাত্রী সদস্য হিসেবে আছে। প্রতি শূক্র ও শনিবার তাদের ক্লাস হয়।
- জয়িতা অবেষণে বাংলাদেশ শীষক কার্যক্রম। নারী সমাজের মধ্যে বিরাজমান সকল প্রকার বিভ্রান্তি ও আশঙ্কা দূর করে সকল প্রতিবন্ধকতা উপেক্ষা করার শক্তিতে উজ্জীবিত ও অনুপ্রাণিত করার লক্ষ্যে সমানে রেখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে প্রতি বছর আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ (২৫ নভেম্বর হইতে ৫ ডিসেম্বর এবং বেগম রোকেয়া দিবস (৯ ডিসেম্বর) উদযাপন।
- **পালিত বিভিন্ন দিবস সমূহ-** (১) ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস (২) ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্ম দিবস উপলক্ষে জাতীয় শিশু দিবস (৩) ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে মহিলাদের আলোচনা ও ক্রীড়া অনুষ্ঠান (৪) ১৪ মে বিশ্ব মা দিবস (৫) ১৩ অক্টোবর জাতীয় কন্যা শিশু দিবস (৬) ১৫ আগস্ট জাতীয় শোক দিবস (৭) ১২ অক্টোবর বাল্য বিবাহ নিরোধ দিবস (৮) নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ- (২৫ নভেম্বর-৯ ডিসেম্বর) (৯) ০৯ ডিসেম্বর বেগম রোকেয়া দিবস ও জয়িতাদের সম্মাননা প্রদান (১০) ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষে মহিলাদের আলোচনা ও ক্রীড়ানুষ্ঠান।